"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
''১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন'' প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৭০.০০৬.৮৮.০১৬- ৪০৮

তারিখ : ১৪/৮/২০২২ খ্রী:

**বিষয়: আগামী ২০২৩ শিক্ষাবর্ষে প্রকল্পের আওতায় নির্মানাধীন ১৬টি টিএসসি'তে শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রসংগে।**

বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মানাধীন নিম্নবর্ণিত ১৬টি টিএসসি'তে আগামী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রতিষ্ঠানগুলি ভৌত অগ্রগতি ৫০% হতে ৭০% । শিক্ষাবর্ষ শুরু করার জন্য আগামী ৪ মাসের মধ্যে ভৌত অগ্রগতি গড়ে ১০% পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। এ অবস্থায় ৪/৫টি শ্রেণিকক্ষ পাঠদানের উপযোগী করে শিক্ষা কার্যক্রম শুরু করা যাবে। নিম্নে প্রতিষ্ঠানের নাম ও নির্মাণ কাজের ভৌত অগ্রগতি অগ্রগতি দেয়া হলো।

| ক্র:নং | প্রতিষ্ঠানের নাম | ভৌত অগ্রগতি (%) |
|---|---|---|
| ১. | তানোর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাজশাহী | ৭০% |
| ২. | কাউখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাঙামাটি | ৫০% |
| ৩. | তেতুলিয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, পঞ্চগড় | ৭০% |
| ৪. | হরিপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও | ৫৫% |
| ৫. | মংলা টেকনিক্যাল স্কুল ও কলেজ, বাগেরহাট | ৬০% |
| ৬. | রামপাল টেকনিক্যাল স্কুল ও কলেজ, বাগেরহাট | ৬০% |
| ৭. | দোয়ারাবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ, সুনামগঞ্জ | ৫৫% |
| ৮. | তৈমুছ আলী টেকনিক্যাল স্কুল ও কলেজ, জুড়ী, মৌলভীবাজার | ৫০% |
| ৯. | দুপচাঁচিয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, বগুড়া | ৫৫% |
| ১০. | সাঘাটা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা | ৫০% |
| ১১. | ইটনা টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ | ৫০% |
| ১২. | মিঠামইন টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ | ৭০% |
| ১৩. | কুলিয়ারচর টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ | ৬৫% |
| ১৪. | বটিয়াঘাটা টেকনিক্যাল স্কুল ও কলেজ, খুলনা | ৭০% |
| ১৫. | সিংড়া টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাটোর | ৬০% |
| ১৬. | মোহাম্মদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরা | ৫৫% |

২। আগামী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম শুরু করা হলে, পাঠদানে সহায়তার জন্য আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ করার জন্য ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যক্রম শুরু করার প্রয়োজন হবে।

৩। বর্ণিতাবস্থায়, আগামী ২০২৩ শিক্ষাবর্ষে হতে উপরি-উক্ত ১৬টি টিএসসি'তে শিক্ষা কার্যক্রম শুরু করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৪/০৮/২০২২


(ড. মোঃ সিরাজুল ইসলাম)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪৮১১১৩২০০
e-mail: 100ts.pd@gmail.com


প্রাপক,

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭

(দৃষ্টি আকর্ষণ: পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস নথি ।


CamScanner


CamScanner

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

তারিখ :০৮/০৯/২০২২ খ্রিঃ

স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৪.৯০.০০১.২০.অংশ-১.৫৮২

বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষে "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মানাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

সূত্র : "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্প কার্যালয়ের ১৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের পত্র নং-৪০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্প কার্যালয় হতে বর্ণিত সূত্রের পত্র মোতাবেক ২০২৩ শিক্ষাবর্ষে প্রকল্পের আওতায় নির্মানাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষা কার্যক্রম চালুকরণ সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে (কপি সংযুক্ত)।

২। উল্লিখিত পত্রে দেখা যায়, বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মানাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে আগামী ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষা কার্যক্রম চালু করার পরিকল্পনা রয়েছে (প্রতিষ্ঠানসমূহের তালিকা সংযুক্ত পত্রে বর্ণিত)। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রতিষ্ঠানগুলির ভৌত অবকাঠামো কাজের অগ্রগতি ৫০% হতে ৭০%। ২০২৩ শিক্ষাবর্ষের শুরুতে শিক্ষা কার্যক্রম চালু করা জন্য আগামী ৪ মাসের মধ্যে ভৌত অবকাঠামো কাজের অগ্রগতি গড়ে ১০% পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। এ অবস্থায় ৪/৫টি শ্রেণিকক্ষ পাঠদানের উপযোগী করে শিক্ষা কার্যক্রম চালু করা যাবে মর্মে পত্রে উল্লেখ রয়েছে।

৩। ২০২৩ শিক্ষাবর্ষে নতুন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষা কার্যক্রম শুরু করা হলে, পাঠদানে সহায়তার জন্য আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ করার জন্য ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয় কার্যক্রম শুরু করার প্রয়োজন হবে।

৪। এমতাবস্থায়, "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩ শিক্ষাবর্ষ হতে নির্মাণাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষা কার্যক্রম চালুর বিষয়ে সদয় নির্দেশনা ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে সংশ্লিষ্ট পত্রটি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক - ০১ (এক) ফর্দ।

০৮/০৯/২০২২
(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

CamScanner
CamScanner

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
তারিখ- 27/12/22

URGENT

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৮.১৪.০১০.২২-১২৯

তারিখঃ ০৪ পৌষ, ১৪২৯ ব. / ১৯ ডিসেম্বর, ২০২২ খ্রি.

বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষে "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মানাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৪.৯০.০০১.২০(অংশ-১)-৫৮৯, তারিখ: ০৬/০৯/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,.কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১০০ টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩ শিক্ষাবর্ষে নির্মানাধীন ১৬টি টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষা কার্যক্রম চালুকরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মুহাঃ মাছুম বিল্লাহ)
উপসচিব
ফোন: ২৪১০৫০৯৯৫
ই-মেইল: sasdev1@tmed.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো) :
১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), "১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) অফিস কপি।

E:\Letter Plan & Dev.docx

CamScanner